সাংবাদিক সুমনকে দেখতে হাসপাতালে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক

বৃহস্পতিবার ৩ আগস্ট পেশাগত কাজ শেষে রিক্সা যোগে বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় আহত সাংবাদিক সুমনকে দেখতে হাসপাতালে গিয়েছেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক এবং কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিন।

শনিবার ৫ আগষ্ট বেলা সাড়ে ১২টায় মেহেরপুর সনো ল্যাব নার্সিং হোমে আহত সাংবাদিক সুমনকে দেখতে যান তিনি।

উল্লেখ্য, বৃহস্পতিবার বিকালে মেহেরপুর শহরে এক সড়ক দুর্ঘটনায় এম এ হাসান সুমন আহত হয়েছেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করার পর ৩ আগষ্ট সন্ধ্যায় সুমনকে উন্নত চিকিৎসার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ঢাকায় রেফার্ড করেন। এ সময় সুমনের শুভাকাঙ্ক্ষীরা বিভিন্ন মাধ্যমে খোঁজ নিয়ে জানতে পারে মেহেরপুর সনো ল্যাব নার্সিং হোমে ঢাকা থেকে আগত অর্থোপেডিক ও ট্রমা সার্জন সহযোগী অধ্যাপক ডা. মোঃ সফিকুল ইসলামের মেহেরপুরে উপস্থিত । তার সাথে যোগাযোগ করলে তিনি সুমনকে সনোল্যাব নার্সিং হোমে ভর্তি করে রাতেই অস্ত্রোপচার করেন।

গাংনীতে সুজনের মানববন্ধন অনুষ্ঠিত

গাংনীতে সুশাসনের জন্য নাগরিক “সুজন” এর উদ্যোগে রাজনৈতিক দলসমূহের মধ্যে সংলাপ ও সমঝোতার আহবানে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১১ টার সময় মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা পরিষদের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা “সুজন” এর সাধারণ সম্পাদক ও লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন।

এসময় বক্তব্য রাখেন “সুজন ” এর গাংনী উপজেলা শাখার সভাপতি ও গাংনী সরকারী ডিগ্রী কলেজের সাবেক সহকারি অধ্যাপক আব্দুর রশীদ, উপজেলা সুজন এর সাধারণ সস্পাদক এবং করমদী কলেজের প্রভাষক আবু সায়েম পল্টু, জেলা ওয়ার্কার্স পার্টির সভাপতি কমরেড আব্দুল মাবুদ, রাজনৈতিক বিশ্লেষক রফিকুল ইসলাম পথিক, দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীন প্রমুখ।

আয়োজনটি সঞ্চালনা করেন-গাংনী উপজেলা “সুজন”এর সদস্য ও রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান।
মানববন্ধনে বক্তারা বলেন, কোনো হানাহানি না করে রাজনৈতিকদলগুলোকে সমঝোতার মাধ্যমে একটি সুষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচনে অংশগ্রহণ করতে হবে।

গাংনীতে শেখ কামালের জন্মবার্ষিকী পালন

নানা আয়োজনের মধ্যে দিয়ে গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে শনিবার সকাল দশটার সময় গাংনী উপজেলা সভা কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন,উপজেলা নির্বাহী অফিসার

(ভারপ্রাপ্ত) নাদির হোসেন শামীম। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, যুবলীগ সভাপতি মোশারফ হোসেন, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতুসহ সরকারি কর্মকর্তা রাজনৈতিক ও জনপ্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে শেখ কামালে ৭৪ তম জন্মবার্ষিকী পালন

মেহেরপুরের মুজিবনগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জোষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭৪ তম জন্মবার্ষিকী যথাযথ মর্যাদার সহিত পালন করা হয়েছে।

উপজেলা প্রশাসনের দিন ব্যাপি আয়োজনে, আজ শনিবার সকাল সাড়ে ৯ টার সময় উপজেলা পরিষদ চত্তরে স্থাপিত শেখ কামালের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন করা হয়। শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানা ইনচার্য (ওসি) মেহেদি রাসেল, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলার বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খাঁন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আরএমও ডা: তৌফিকুর রহমান, উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স এর ভারপ্রাপ্ত স্টেশন অফিসার শাহজাহান আলী, উপজেলা আনসার ভিডিপি প্রশিক্ষিকা ফেরদৌসী আরা, উপজেলা পল্লী বিদ্যুত সাব জোনাল অফিসের এজিএম মুহাইমিনুন ইসলাম, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, উপজেলা ইয়ং বাংলা ফিউচার লিডার এর সভাপতি হাসানুজ্জামান লাল্টু।

এ সময় সুশিল সমাজ,বিশিষ্ট ব্যাক্তিবর্গ,সরকারী বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রদ্ধাঞ্জলী অর্পন করেন।শ্রদ্ধাঞ্জলী শেষে জাতির জনকের পরিবারের মাগফিরাত ও শান্তি কামনায় দোয়া করা হয়।

দোয়া মাহফিল শেষে উপজেলা অডিটরিয়ামে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপটেন শেখ কামালের ৭৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা পরিষদের দিন ব্যাপি আয়োজনের মধ্য বাদ জোহর মসজিদে মসজিদে কোরান খতম ও দোয়া মাহফিল অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা, উপজেলা যুব উন্নয়ন কর্তৃক গাছের চারা বিতরণ।

মেহেরপুরে বিএনপির বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান দেশনায়ক তারেক রহমান ও তাঁর সহধর্মিণী ডা. জুবাইদা রহমানের রায়ের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

গতকাল বিকালে মেহেরপুর শহরের কাথুলী সড়ক থেকে শুরু হয়ে বিএনপি কার্যালয়ে গিয়ে শেষ হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে জেলা বিএনপির সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, বিএনপি নেতা রেজাউল ইসলাম, আব্দুল আওয়াল, সাহাবদ্দিন, আসাদুজ্জামান বাবলুসহ বিএনপির শত শত নেতাকর্মী অংশ নেন।

মেহেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী ও টেনিস খেলোয়াড় ভেটা আর নেই

মেহেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী ও টেনিস খেলোয়াড় খন্দকার মনিরুল ইসলাম ভেটা (৬৩) ফুসফুসের প্রদাহজনিত রোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শুক্রবার ভোর ৫টার দিকে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। খন্দকার মনিরুল ইসলাম ভেটা মেহেরপুর শহরের তাঁতীপাড়ার নিবাসী এবং সাবেক উপজেলা চেয়ারম্যান মরহুম আমিরুল ইসলাম পালুর ভাই। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়েসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

জানা গেছে, কয়েকদিন আগে তিনি ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হয়েছিলেন। অবস্থার অবনতি হলে তাকে ঢাকায় রেফার্ড করা হয়। ঢাকায় পরীক্ষা নিরীক্ষা করে নিউমোনিয়া নির্ণয় হয়। পরে তিনি ফুসফুসের জটিল রোগে আক্রান্ত হন। গতকাল বৃহস্পতিবার দুপুরের দিকে তাকে লাইফ সাপোর্টে নেওয়া হয়। সেখানে থেকে ভোরে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। আইনি প্রক্রিয়া শেষ করে মরহুমের লাশ মেহেরপুরে নিয়ে আসা হবে। জানাযার সময় এখনো জানা যায় নি।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় সাংবাদিক সুমন আহত

গতকাল বৃহস্পতিবার বিকালে মেহেরপুর শহরে এক সড়ক দুর্ঘটনায় এম এ হাসান সুমন আহত হয়েছেন। এমএ হাসান সুমন মুজিবনগর খবর ডট কম এর উপদেষ্টা সম্পাদক এবং এসএসসি ব্যাচ ৯৩ এর সদস্য। আহত সুমনের পায়ে রাতে অস্ত্রোপচার করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে কোর্ট মোড় এলাকা থেকে সাংবাদিক এম এ হাসান সুমন রিক্সা যোগে বাড়ি যাওয়ার পথে প্রধান সড়কের মহিলা কলেজ মোড়ে পিছন থেকে একটি দ্রুতগামী মোটরসাইকেল রিকশাটিকে ধাক্কা দেয়। এতে সুমন রিকশা থেকে পড়ে যায় এবং রিকশাটি পরবর্তীতে তার পায়ে পড়লে সুমনের বামপায়ের রগ কেটে যায়। চিকিৎসক রাতেই তার পায়ে অস্ত্রোপচার করেছেন।

মেহেরপুরে আন্তঃ জেলা ট্রান্সফরমার চোরচক্রের ৪ সদস্য গ্রেফতার

মেহেরপুরে ডিবি পুলিশের অভিযানে আন্তঃ জেলা চোর চক্রের ৪ সদস্য গ্রেফতার হয়েছ। গ্রেফতারকৃতরা হলো মনিরুল ইসলাম, সেলিম আলী,হারেজ মালিথা এবং রফিক।

গতকাল বুধবার (২ আগষ্ট) মেহেরপুরের ডিবি ওসি সাইফুল আলমের নেতৃত্বে পুলিশের একটি টিম তথ্য প্রযুক্তি ব্যবহার করে কুষ্টিয়া সদর উপজেলা এলাকার একটি ভাড়াবাড়ি থেকে তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃত ট্রান্সফর্মার চোর চক্রের সদস্যরা হলেন মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মৃত তুফান মন্ডলের ছেলে মনিরুল ইসলাম খোকন (৪০), কুষ্টিয়া দৌলতপুর উপজেলার মোল্লাপাড়ার হায়াত মন্ডলের ছেলে সেলিম আলী(৩৪) ও কুষ্টিয়া সদর উপজেলার বড়বাজার ঘোড়াঘাটের মৃত ফকির চাঁদ মালিথার ছেলে হারেজ মালিথা (৫৮) এবং নাটোরের গুরুদাসপুর উপজেলার শ্যামপুর গ্রামের রশিদ ব্যাপারীর ছেলে রফিক (৩৭)।

আন্তঃ জেলা ট্রান্সফরমার চোরচক্রের গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেয়া ওসি ডিবি মেহেরপুর সাইফুল আলম বলেন,’ প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামীরা চুরির ঘটনায় জড়িত থাকার কথা স্বীকার করেছে। আসামীদের বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে।’

আটককৃতদের ব্যাপারে আনুষ্ঠানিকভাবে জানাতে মেহেরপুর জেলা পুলিশ সুপারের কার্যালয়ে আয়োজিত প্রেস কনফারেন্সে মেহেরপুরের পুলিশ সুপার রাফিউল আলম বলেন, ‘মেহেরপুর একটি কৃষি নির্ভর জেলা হওয়াতে এই জেলার মাঠেঘাটে প্রচুর বৈদ্যুতিক সেচ পাম্প বিদ্যমান। গত ২/৩ মাস যাবৎ মেহেরপুর এবং আশপাশের জেলার ফসলের মাঠ হতে একটি সংঘবদ্ধ চোরচক্র আনুমানিক ৪০/৪৫টি ট্রান্সফরমার চুরি করে নিয়ে যায়। এ ব্যাপারে মেহেরপুর সদর এবং মুজিবনগর থানায় পৃথক পৃথক মামলা রুজু হয়। উক্ত চুরির ঘটনা মেহেরপুর জেলা পুলিশ গুরুত্বের সাথে তদন্ত শুরু করে। এরই ধারাবাহিকতায় তথ্য প্রযুক্তি ব্যবহার করে মেহেরপুর পুলিশের একটি চৌকশ টিম উক্ত চোর চক্রকে সনাক্ত করে আটক করতে সক্ষম হয়।’

বারাদী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী কাউছার আহমেদের ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলা বারাদী বাজারের বিশিষ্ট সার ব্যবসায়ী বিসিআইসির সার ডিলার ও খোকা এগ্রো ফার্ম এর স্বত্বাধিকারী কাউছার আহমেদ ইন্তেকাল করেছেন।

গতকাল বুধবার রাত ৮.১০ মিনিটের সময় বারাদী বাজারস্ত নিজ বাস ভবনে ইন্তেকাল করেন। তিনি দীর্ঘদিন যাবৎ মরণঘাতী ব্যাধি ক্যান্সারে ভুগছিলেন। ভারত থেকে চিকিৎসা নিয়ে তিনি নিজ বাসভবনে চিকিৎসাধীন অবস্থায় গতকাল বুধবার রাতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

কাওছার আহমেদের মৃত্যু সংবাদে এক পলক দেখার জন্য বারাদী বাজারের ব্যবসায়ীসহ আশেপাশে গ্রামের সুধীজন তাকে দেখতে বারাদী বাজারস্থ বাসভবনের সামনে ভিড় জমান। পরে তার লাশ তার শ্বশুর গ্রাম সিংহাটিতে নেওয়া হয়।

আজ বৃহস্পতিবার সকালে তার নিজ গ্রাম গাংনী থানাধীন সানঘাটে জানাজা নামাজ শেষে দাফন করা হবে বলে জানা যায়। মরহুম কাওছার

আহম্মেদ সিংহাটি পশ্চিম পাড়ার বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজ সেবক অলি মহাম্মদের বড় জামাতা।

গাংনীর মাদক ব্যবসায়ীর ২ বছরের সশ্রম কারাদণ্ড

মেহেরপুরে একটি মাদক মামলায় অপরাধ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়ায় জাহাঙ্গীর আলম নামের এক মাদক ব্যাবসায়ীকে ২ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।
গতকাল বুধবার মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আবু বকর সিদ্দিক এ আদেশ দেন। একই সঙ্গে আসামীর ৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদাণ করেছেন।
দণ্ডিত জাহাঙ্গীর আলম (৪৩) গাংনীর রামকৃষ্ণপুর ধলা গ্রামের আবুল হোসেনের ছেলে।